অগ্নি নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

ফাইভ এফ এপারেলস লিমিটেড

একর্ড আই ডিঃ ১১৯৬৯

জিরাবো, আশুলিয়া রোড, সাভার

অন্যান্য ফ্যাক্টরিঃ নেই

ACCORD on Fire and Building Safety in Bangladesh

ফেব্রুয়ারি ৬, ২০১৫

সারসংক্ষেপ

২/৬/২০১৫ তারিখে জেনসেন হিউজ ফাইভ এফ এপারেলস লিমিটেড এর অগ্নিনিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করে। এই প্রতিবেদনে পরিদর্শনকালীন সময়ের গুরুত্বপূর্ণ ত্রুটিসমূহ চিহ্নিত করা হয়েছে।

গুরুত্বপূর্ণ অগ্নিনিরাপত্তার বিষয়গুলো চিহ্নিত করে এর ভিত্তিতে একর্ড দ্বারা নির্ধারিত মান অনুযায়ী পর্যবেক্ষণগুলো সমাধানের সুপারিশ করাই ছিল এই পরিদর্শনের উদ্দেশ্য। এই প্রাথমিক পরিদর্শনটি মূলতঃ পর্যালোচনা ও গুরুত্বপূর্ণ অগ্নিনিরাপত্তার বিষয়সমূহ চিহ্নিতকরণে সীমাবদ্ধ ছিল। এই পরিদর্শনে ছোটখাটো সমস্যাগুলোকে চিহ্নিত করা হয়নি, যা পরবর্তী ফলো-আপ পরিদর্শনে চিহ্নিত করা হবে।

পরিদর্শনকালীন সময়ে অগ্নি নিরাপত্তার বিষয়ে গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণগুলো টেবিল নং ১ এ সারসংক্ষেপ করে দেওয়া হয়েছে। প্রতিটি পর্যবেক্ষণ এর জন্য যথাযথ সুপারিশ প্রদান করা হয়েছে।

প্রতিটি সমস্যা সমাধানের জন্য ফ্যাক্টরি কর্তৃপক্ষ একটি নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করবে। এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য সময়সীমা এবং নকশা বা নির্মাণসংক্রান্ত জটিলতার জন্য প্রয়োজনীয় অতিরিক্ত সময়সীমা অনুমোদনের জন্য একর্ডের কাছে জমা দিতে হবে।

একর্ডের নিয়মানুযায়ী পরিদর্শকদের দ্বারা প্রস্তুতকৃত ইংরেজি প্রতিবেদনটি মূল প্রতিবেদন। এই ইংরেজি প্রতিবেদনের ওপর ভিত্তি করে বাংলা প্রতিবেদনটি তৈরী করা হয়েছে। তাই বাংলা প্রতিবেদনের ব্যবহৃত কোন শব্দ বা পরিভাষার অর্থ বুঝতে সমস্যা হলে অথবা যেকোন তথ্যের পরিপ্রেক্ষিতে বিভ্রান্তি এড়াতে ইংরেজি প্রতিবেদনটি দেখে নেয়ার অনুরোধ করা হল।

টেবিল নং ১: পর্যবেক্ষণ এবং সুপারিশসমূহ

নং	শ্রেণী	পর্যবেক্ষণ	সুপারিশ	বাস্তবায়নের সময়সীমা
এফ-১	অগ্নি-সহনশীল নির্মাণ	নিচতলায় বয়লার রুম অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয় (খোলা জায়গা, অগ্নি অসহনশীল দরজা ও ছিদ্র আছে)।	বয়লার রুম অনুচ্চ ভবনের ক্ষেত্রে অন্তত ১ ঘণ্টা এবং সুউচ্চ ভবনের ক্ষেত্রে অন্তত ২ ঘন্টা স্থায়ী অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করুন। প্রয়োজনীয় অগ্নি পৃথকীকরণের জন্য সকল খোলা জায়গা এবং ছিদ্র ও গর্তসমূহ সিল করুন। বয়লার রুম ভবনের বাইরে অবস্থিত হলে ভবন থেকে অন্তত পক্ষে ৩ মিটার (১০ ফিট) দূরত্বে থাকতে হবে। অভিজ্ঞ ইঞ্জিনিয়ারের পরামর্শ অনুযায়ী সঠিক ভেন্টিলেশন/ বায়ুচলাচল ব্যবস্থা গ্রহন করুন।	৩ মাস

এফ-২	অগ্নি-সহনশীল নির্মাণ	ফ্যাক্টরিতে নিচতলায় উন্মুক্ত দাহ্য পদার্থ মজুদের জায়গা অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়।	শুধুমাত্র মজুদের জন্য পৃথক স্থান নির্দিষ্ট করে দিতে হবে এবং তার জন্য নিম্নোক্ত শর্ত প্রযোজ্য হবেঃ - সর্বোচ্চ উচ্চতা হবে ২.৪৫ মিটার (৮ ফিট) এবং সর্বোচ্চ ক্ষেত্রফল হবে ২৩ বর্গমিটার (২৫০ বর্গফুট)। - স্প্রিঙ্কলারের ব্যবস্থা থাকলে সর্বোচ্চ উচ্চতা হবে ৩.৬৬ মিটার (১২ ফিট) এবং সর্বোচ্চ ক্ষেত্রফল হবে ৯৩ বর্গমিটার (৩০৫ বর্গফুট)। অন্যান্য সকল স্থান ও অরক্ষিত দাহ্য পদার্থ মজুদের স্থানের মাঝে ন্যূনতম ৩ মিটার (১০ ফিট) ফাঁকা জায়গা থাকতে হবে।	৩ মাস

এফ-৩	অগ্নি-সহনশীল নির্মাণ	ফ্যাক্টরিতে নিচতলায় দাহ্য পদার্থ মজুদের ঘর অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়।	শুধুমাত্র মজুদের জন্য ন্যূনতম ১ ঘন্টা স্থায়ী অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী দিয়ে তৈরী পৃথক ঘরের ব্যবস্থা করতে হবে। শুধুমাত্র মজুদের জন্য পৃথক রুম তৈরী সম্ভবপর না হলে মজুদের জন্য স্থান নির্দিষ্ট করে দিতে হবে এবং তার জন্য নিম্নোক্ত শর্ত প্রযোজ্য হবেঃ - সর্বোচ্চ উচ্চতা হবে ২.৪৫ মিটার (৮ ফিট) এবং সর্বোচ্চ ক্ষেত্রফল হবে ২৩ বর্গমিটার (২৫০ বর্গফুট)। - স্প্রিঙ্কলারের ব্যবস্থা থাকলে সর্বোচ্চ উচ্চতা হবে ৩.৬৬ মিটার (১২ ফিট) এবং সর্বোচ্চ ক্ষেত্রফল হবে ৯৩ বর্গমিটার (৩০৫ বর্গফুট)। অন্যান্য সকল স্থান ও অরক্ষিত দাহ্য পদার্থ মজুদের স্থানের মাঝে ন্যূনতম ৩ মিটার (১০ ফিট) ফাঁকা জায়গা থাকতে হবে।	৩ মাস

এফ-৪	অগ্নি-সহনশীল নির্মাণ	প্রতি ফ্লোরে কাজের জায়গা ও ভবনের অন্যান্য স্থান থেকে নির্গমন সিঁড়ি অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়।	৩ বা তার চেয়ে কম তলা বিশিষ্ট ভবনে ন্যূনতম ১ ঘণ্টা স্থায়ী এবং ৪ বা তার চেয়ে বেশি তলা বিশিষ্ট ভবনে ন্যূনতম ১.৫ ঘণ্টা স্থায়ী অগ্নি-সহনশীল দরজা স্থাপন করতে হবে। বের হবার সিঁড়িকে কাজের জায়গা এবং ভবনের অন্যান্য স্থান থেকে আলাদা করতে সকল তলায় সকল অনিরাপদ দরজা, জানালা, ভেন্টিলেটর ইত্যাদি খোলা জায়গা ও যেকোন ধরণের ছিদ্রকে অগ্নি পৃথকীকরণের জন্য সিল করে সুরক্ষিত করতে হবে। প্রোডাকশান ফ্লোরে অগ্নি নিরাপদ দরজাগুলো যেন নিজ থেকে বন্ধ হয় এবং তাতে পজিটিভ ল্যাচিং (হুড়কা দেয়া যেন বাইরে থেকে খোলা যায় কিন্তু অগ্নিকান্ডের সময় বিস্ফোরণ বা অন্য কোন চাপে তা খুলে না যায়) ও প্যানিক হার্ডওয়ার থাকে। অগ্নি নিরাপদ দরজাগুলো যদি কাজের	৩ মাস

			কারণে খোলা রাখতেই হয়, তাহলে অটোমেটিক ক্লোজিং ডিভাইসের ব্যবস্থা করুন যা অগ্নি সতর্কীকরণ ব্যবস্থা/ ফায়ার এলার্ম ব্যবস্থার সাথে সংযুক্ত। অগ্নি নিরাপদ দরজাগুলো স্থাপনের সময় লক্ষ্য রাখতে হবে ৫ টির বেশি ফ্লোরের জন্য ব্যবহৃত যে কোন সিঁড়ির প্রতিটি দরজায় পুনঃ-প্রবেশের ব্যবস্থা থাকতে হবে যদি তা একর্ড স্ট্যান্ডার্ড এর ধারা ৬.৮.৩.১ এর সকল মানদন্ড রক্ষা না করে।	
এফ-৫	অগ্নি-সহনশীল নির্মাণ	বয়লার রুম সরাসরি নির্গমন সিঁড়িতে উন্মুক্ত হচ্ছে।	ইউটিলিটি স্পেস থেকে নির্গমন সিঁড়িতে উন্মুক্ত হওয়ার মুখে অগ্নি সহনশীল নির্মান ও দরজা যুক্ত ভেস্টিবিউল তৈরী করতে হবে। নির্গমন সিঁড়ির দিকে ১.৫ ঘন্টা স্থায়ী	৩ মাস

			এবং রুমের দক্ষিণ দিকে ১ ঘন্টা স্থায়ী অগ্নি সহনশীল দরজা তৈরী করতে হবে। লক্ষ্য রাখতে হবে যেন ভেস্টিবিউল এবং নির্গমন সিঁড়ির অগ্নি সহনশীলতা সমান হয়।	

এফ-৬	অগ্নি-সহনশীল নির্মাণ	প্রতি ফ্লোরে কাজের জায়গা ও ভবনের অন্যান্য স্থান থেকে নির্গমন সিঁড়িঘর অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়।	নির্গমন সিঁড়িঘর কে ৩ বা তার চেয়ে কম তলা বিশিষ্ট ভবনে ন্যূনতম ১ ঘণ্টা স্থায়ী এবং ৪ বা তার চেয়ে বেশি তলা বিশিষ্ট ভবনে ন্যূনতম ২ ঘণ্টা স্থায়ী অগ্নি-সহনশীল নির্মান দ্বারা পৃথক করতে হবে।	৩ মাস

ACCORD
on Fire and Building Safety in Bangladesh

এফ-৭	বহির্গমন পথ	পুরো ভবনে যথোপযুক্ত স্থানে সিঁড়ি উল্লেখকারী চিহ্ন বা সাইন ও ব্যবহারকারীর সংখ্যা উল্লেখকারী চিহ্ন বা সাইনের অনুপস্থিতি আছে।	ভবনে যথোপযুক্ত স্থানে সিঁড়ি উল্লেখকারী চিহ্ন বা সাইন ও ব্যবহারকারীর সংখ্যা উল্লেখকারী চিহ্ন বা সাইনের ব্যবস্থা করুন।	অবিলম্বে
এফ-৮	বহির্গমন পথ	ভবনের সকল নির্গমন পথে, নির্গমন সিঁড়িতে, বহির্গমন পথে ও ভবনের বাইরে উন্মুক্ত হওয়ার মুখে বহির্গমনের দরজা বা গেটে তালার ব্যবস্থা আছে।	বহির্গমনের সকল দরজা/ গেট থেকে তালার ব্যবস্থা সরিয়ে ফেলতে হবে। নিরাপত্তার খাতিরে তালার প্রয়োজন হলে এনএফপিএ ১০১ ও একর্ড স্ট্যান্ডার্ড এর ৬.৮.২ ধারা অনুযায়ী বিশেষ ব্যবস্থার তালা ব্যবহার করুন।	অবিলম্বে

এফ-৯	বহির্গমন পথ	বিশেষ করে নিচতলায় নির্গমন সিঁড়িতে মজুদ রয়েছে।	নির্গমন সিঁড়িতে ও বহির্গমন পথে কোন মজুদ রাখবেন না।	অবিলম্বে

এফ-১০	বহির্গমন পথ	ভবনের সকল নির্গমন পথে, নির্গমন সিঁড়িতে, বহির্গমন পথে ও ভবনের বাইরে উন্মুক্ত হওয়ার মুখে কলাপসিবল গেট/ স্লাইডিং দরজা আছে।	ভবন থেকে উন্মুক্ত স্থানে যাওয়ার পথে সকল কলাপসিবল গেট/ স্লাইডিং দরজা পরিবর্তন করে তার জায়গায় একর্ড স্ট্যান্ডার্ডের ৬.৮.১ ধারা অনুযায়ী পাশে কবজা দেয়া বা সাইড হিঞ্জড, সুইংগিং দরজা (যা দু'পাশে খোলে) স্থাপন করুন।	১ মাস

এফ-১১	বহির্গমন পথ	ছাদের নির্গমন সিঁড়ির দরজা/ বহির্গমন দরজা বাইরে যাওয়ার	দরজার দিক পুনর্বিন্যাস করুন যেন তা বাইরে যাওয়ার দিকে খোলে।	৩ মাস

		দিকে খোলে না।		

এফ-১২	বহির্গমন পথ	প্রতিটি নির্গমন সিঁড়ির উভয় পাশেই রেলিং এর ব্যবস্থা নেই।	নির্গমন পথের সিঁড়ির দু'পাশেই রেলিং এর ব্যবস্থা করুন। নতুন রেলিং সিঁড়ির প্রতিটি ধাপ হতে ন্যূনতম ৮৬৫ মিমি (৩৪ ইঞ্চি) এবং সর্বোচ্চ ৯৬৫ মিমি (৩৮ ইঞ্চি) উচ্চতায় থাকতে হবে। মাপটি প্রতিটি ধাপ (ট্রেড) এর সম্মুখ প্রান্ত থেকে নিতে হবে। সিঁড়ি ২.২ মিটার (৮৭ ইঞ্চি) এর বেশি প্রশস্থ হলে মধ্যবর্তী আর একটি রেলিং এর ব্যবস্থা করতে হবে।	৩ মাস

এফ-১৩	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	ফায়ার এলার্ম ব্যবস্থাটি প্রাচীন, যা এনএফপিএ লিস্টে নেই। গ্রহণযোগ্য মান অনুযায়ী সংকেত দিতে ও সতর্ক করতে এটি ব্যর্থ।	ফায়ার এলার্মটি পরিবর্তন করে এনএফপিএ ৭২ অনুযায়ী লিস্টে আছে এমন একটি নতুন এড্রেসেবল এলার্ম এর ব্যবস্থা করুন।	৪ মাসের মাঝে নকশা প্রণয়ন, ৯ মাসের মাঝে বাস্তবায়ন।
এফ-১৪	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	ফ্যাক্টরিতে প্রয়োজনীয় স্থানে ধূমপান নিষেধ চিহ্ন নেই।	পোশাক শিল্পের যেকোন ফ্যাক্টরিতে কিংবা আলাদা মজুদের জায়গায় ধূমপান নিষিদ্ধ। ভবনের প্রতিটি প্রবেশপথে বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই ধূমপান নিষেধ চিহ্ন এর ব্যবস্থা করুন। ফ্যাক্টরি কর্তৃপক্ষ যদি ফ্যাক্টরির বাইরে ধূমপানের জন্য নির্দিষ্ট জায়গা তৈরি করে থাকেন তবে তার দিকনির্দেশক সাইন ও থাকবে।	১ মাস
এফ-১৫	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	এনএফপিএ ১০ এ বর্ণিত মান অনুযায়ী বহনযোগ্য ফায়ার এক্সটিংগুইশার এর পরিদর্শন,	এনএফপিএ ১০ অনুযায়ী বহনযোগ্য ফায়ার এক্সটিংগুইশার গুলো পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং	৩ মাস

		যাচাই ও রক্ষণাবেক্ষণ হয়না।	সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	
এফ-১৬	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	এনএফপিএ ৭২ অনুযায়ী ফায়ার এলার্মের পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করা হয়না।	এনএফপিএ ৭২ অনুযায়ী ফায়ার এলার্ম ব্যবস্থাটি পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস
এফ-১৭	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	স্ট্যান্ড পাইপ সিস্টেমে ফায়ার ডিপার্টমেন্টের সংযোগের কোন ব্যবস্থা নেই।	একর্ড স্ট্যান্ডার্ড এর ৫.৫.৪ ধারা অনুযায়ী স্ট্যান্ড পাইপ সিস্টেমে ফায়ার ডিপার্টমেন্টের সংযোগের ব্যবস্থা রাখুন।	৩ মাস
এফ-১৮	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	এনএফপিএ ১৪ এ বর্ণিত মান অনুযায়ী স্ট্যান্ড পাইপের পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ হয়না।	এনএফপিএ ১৪ অনুযায়ী স্ট্যান্ড পাইপটি পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস
এফ-১৯	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	এনএফপিএ ৭২ এর মান অনুযায়ী ভবনে ফায়ার এলার্মের দৃশ্যমান ও শ্রবনসাধ্য সংকেত এর ব্যবস্থা নেই।	এনএফপিএ ৭২ এর মান অনুযায়ী ভবনে ফায়ার এলার্মের দৃশ্যমান ও শ্রবনসাধ্য সংকেত এর ব্যবস্থা করুন।	৩ মাস
এফ-২০	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	প্রতি ফ্লোরে ফায়ার এলার্ম ব্যবস্থাটি ব্যবহারকারীর শ্রবণসাধ্য সংকেত দেয় না।	এনএফপিএ ৭২ অনুযায়ী প্রয়োজনীয় সংকেতের সরঞ্জামাদির ব্যবস্থা করুন যেন ফায়ার এলার্ম ব্যবস্থাটি পুরো ভবনে শ্রবণসাধ্য হয়।	৬ মাস

এফ-২১	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	ভবনে সিঙ্গল স্টেশন স্মোক এলার্ম বিদ্যমান। কোন স্থানে ধোঁয়ার উপস্থিতিতে স্মোক এলার্মটি কেবলমাত্র সেই স্থানেই শব্দ করে এবং সকল ব্যবহারকারীর জন্য স্বয়ংক্রিয়ভাবে ফায়ার এলার্মের সংকেত দেয় না।	সিঙ্গল স্টেশন স্মোক এলার্ম পরিবর্তন করে এনএফপিএ ৭২ অনুযায়ী পুরো ভবন জুড়ে ফায়ার এলার্ম এর সাথে সংযুক্ত স্বয়ংক্রিয় স্মোক ডিটেক্টর বসাতে হবে।	৯ মাস

এফ-২২	বহির্গমন পথে আলোর ব্যবস্থা	পুরো ভবনে জরুরি বৈদ্যুতিক বাতির জন্য ম্যানুয়াল অন-অফ এর সুইচ আছে।	জরুরি বৈদ্যুতিক বাতির ক্ষেত্রে ম্যানুয়াল অন-অফ সুইচ অপসারণ করুন যেন কেউ ইচ্ছেমত তাদের বন্ধ না করতে পারে।	৯ মাস

এফ-২৩	বহির্গমন পথে আলোর ব্যবস্থা	একর্ডের মান অনুযায়ী জরুরি বৈদ্যুতিক বাতির পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ এর কোন রেকর্ড পাওয়া যায়নি।	একর্ডের মান অনুযায়ী জরুরি বৈদ্যুতিক বাতির ব্যবস্থাটি পরিদর্শন, যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস
এফ-২৪	বহির্গমন পথে আলোর ব্যবস্থা	নিচতলায় বহির্গমন পথ পর্যন্ত পৌঁছানোর রাস্তা আলোকিত করার জন্য প্রয়োজনীয় সংখ্যক বৈদ্যুতিক বাতি পাওয়া যায়নি।	প্রতি ফ্লোরে জরুরি বৈদ্যুতিক বাতি পরীক্ষা করুন এবং বহির্গমন পথ আলোকিত করার জন্য প্রয়োজনীয় বাতি ও অন্যান্য সরঞ্জামাদির ব্যবস্থা করুন। প্রতি ফ্লোরে নির্গমন সিঁড়িতে ও নির্গমন পথ যেখানে উন্মুক্ত হয় সেখানে ন্যূনতম ১০ লাক্স এবং নির্গমন পথ ও সিঁড়ি পর্যন্ত পৌঁছানোর আইল/ রাস্তায় ন্যূনতম ২.৫ লাক্স আলোর ব্যবস্থা করতে হবে।	৩ মাস